

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
কুড়িগ্রাম।

নং- সিজিএম-কুড়ি-১৩৪

তারিখ: ১৬.০৭.২০২৪ খ্রিস্টাব্দ

কুড়িগ্রাম চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সহায়ক কর্মচারীগণের বিদ্যমান শূন্য পদের বিপরীতে কর্মচারি সরাসরি নিয়োগের নিমিত্তে অত্র কার্যালয়ের গত ১২/০৩/২০১৮ খ্রি. তারিখের ৭০/২০১৮ নং, গত ০৪/০৯/২০১৮ খ্রি. তারিখের ২৩০/২০১৮ নং এবং গত ২১/০৯/২০২৩ খ্রি. তারিখের ১৮৫/২০২৩ নং স্মারক মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই অন্তে যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণের নিমিত্তে ইতোমধ্যে প্রবেশপত্র ইস্যু করা হয়েছে। উক্ত প্রার্থীগণের মধ্য হতে বিভিন্ন পদের বিপরীতে মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী বাছাইয়ের নিমিত্তে নিম্ন ছক মোতাবেক লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এমতাবস্থায়, নিম্ন বর্ণিত ছক ও শর্ত মোতাবেক যথা সময়ে প্রার্থীগণকে নিজ নিজ প্রবেশপত্রসহ পরীক্ষায় অংশগ্রহণের জন্য বলা হলো।

পরীক্ষার কেন্দ্র : কুড়িগ্রাম কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, কুড়িগ্রাম।

ক্রমিক	পদের নাম	সময়	তারিখ
০১	প্রসেস সার্ভার	সকাল ১০.০০ -১০.৪৫ টা	০৯ আগস্ট ২০২৪ খ্রি. শুক্রবার
০২	লাইব্রেরী সহকারী সহকারী রেকর্ড কীপার ডেসপাস সহকারী	দুপুর ২.০০ -২.৪৫ টা	
০৩	হিসাব রক্ষক বেঞ্চ সহকারী	বিকাল ৪.০০ -৪.৪৫ টা	
০৪	অফিস সহায়ক নিরাপত্তা প্রহরী	সকাল ১০.০০ -১০.৪৫ টা	১০ আগস্ট ২০২৪ খ্রি. শনিবার
০৫	মালী	দুপুর ২.০০ -২.৪৫ টা	
০৬	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	বিকাল ৪.০০ -৫.৩০ টা	

শর্তসমূহ:

- প্রার্থীগণকে অবশ্যই কলম ও প্রবেশপত্রসহ পরীক্ষা শুরুর ১৫ (পনেরো) মিনিট আগেই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।
- কোনোপ্রকার ইলেকট্রিক ডিভাইস, সেল ফোন, ক্যালকুলেটর, হ্যান্ড ব্যাগ ইত্যাদি নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।
- লিখিত পরীক্ষার ফলাফলসহ মৌখিক পরীক্ষার সময়সূচি ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য জরুরী তথ্য/ বিজ্ঞপ্তি/ বার্তা <https://kurigram.judiciary.gov.bd/> এই ঠিকানার নোটিশ (Notice) মেনুতে প্রকাশ করা হবে।
- যেকোনো প্রকার অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থী বহিস্কৃত হবে।
- লিখিত পরীক্ষা চলাকালিন সময়ে কিংবা আগে বা পরে কোনো প্রার্থীর যেকোনো প্রকার তদবির প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীগণকে তাদের নিজ নিজ প্রবেশপত্র নিয়োগ চূড়ান্ত না হওয়া পর্যন্ত সংরক্ষণে রাখতে হবে।

আলমগীর কবির শিপন

(চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট)

চেয়ারম্যান

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কুড়িগ্রাম।